



মার্কিন নিষেধাজ্ঞা ইরানের ওপর প্রভাব ফেলবে না: বাঘাই



ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের আরোপ করা নিষেধাজ্ঞা কার্যকর হবে না বলে মন্তব্য করেছেন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। সোমবার (২৪ আগস্ট) আনাদুলু এজেন্সির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

বাঘাই বলেন, নিষেধাজ্ঞার মতো পুরোনো নীতিতে যুক্তরাষ্ট্রের অব্যাহতভাবে ফিরে যাওয়ার কারণে ইরানি জনগণের প্রতি ওয়াশিংটনের বৈরী মনোভাবই প্রকাশ পাচ্ছে। তার দাবি, এসব নিষেধাজ্ঞার প্রভাব মূলত সাধারণ মানুষের জীবনযাত্রার ওপর পড়ে।

তিনি আরও বলেন, বাণিজ্যিক সম্পর্ক সংকুচিত করতে বিভিন্ন দেশের ওপর নিষেধাজ্ঞা আরোপ ও চাপ প্রয়োগ করা মুক্ত বাণিজ্য এবং রাষ্ট্রের সার্বভৌমত্বের প্রতি সম্মানের নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়।

আঞ্চলিক নিরাপত্তা নিয়েও কথা বলেন ইরানের এই মুখপাত্র। তিনি জানান, মক্কা চুক্তিতে যোগ দেওয়ার জন্য ইরানকে কোনো প্রস্তাব দেওয়া হয়নি। তবে আঞ্চলিক নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে আলোচনার প্রস্তাব রয়েছে।

আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের অতিরিক্ত হস্তক্ষেপ ও আইন লঙ্ঘনের অভিযোগ তুলে বাঘাই বলেন, ওয়াশিংটনের এমন কর্মকাণ্ড নিয়ে দেশটির ঘনিষ্ঠ মিত্রদের মধ্যেও অসন্তোষ ও প্রতিবাদ তৈরি হয়েছে।